গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

নম্বর: ৩৮.০০.০০০০.০০২.১১.০০৭.২০২৫-১৩৭৩

তারিখ: ১০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য নিম্নোক্ত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে https://mopme.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না:

| ক্রমিক | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | কম্পিউটার অপারেটর | গ্রেড: ১৩<br>বেতনস্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ, ইংরেজি-৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| (২) | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | গ্রেড: ১৩<br>বেতনস্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | ০৬ (ছয়) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ শব্দ, ইংরেজি-৭০ শব্দ থাকতে হবে;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ, ইংরেজি-৩০ শব্দ থাকতে হবে; এবং<br>(ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| (৩) | ক্যাশিয়ার | গ্রেড: ১৪<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| (৪) | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড: ১৬<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০৫ (পাঁচ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২০ শব্দ, ইংরেজি-২০ শব্দ থাকতে হবে; এবং<br>(ঘ) কম্পিউটার Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| (৫) | অফিস সহায়ক | গ্রেড: ২০<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ২০ (বিশ) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

১. **আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

(ক) সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১/০৯/২০২৫ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে, বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) বর্ণিত ছকের ২ ও ৪ নং ক্রমিকে উল্লিখিত পদের বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

(গ) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

(ঘ) চাকরির আবেদন ফরমে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

(ঙ) নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধিত হলে তা অনুসরণ করা হবে;

(চ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

(ছ) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Applicant's Copy সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

(জ) নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ১ নং ক্রমিকের শূন্য পদ পূরণে **"সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯"** এবং ২, ৪, ৫ নং ক্রমিকের শূন্যপদ পূরণে **"বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ২০২০)"** অনুসরণ করা হবে। ৩ নং ক্রমিকের শূন্যপদ পূরণে **"মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮"** অনুসরণ করা হবে;

(ঝ) **সকল পদের পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা থাকায় আবেদনকারীকে একাধিক পদে আবেদন না করার পরামর্শ দেওয়া হলো;**

(ঞ) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

(ট) নিয়োগ সংক্রান্ত যাবতীয় বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২. **আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলি:**

(ক) আগ্রহী প্রার্থীগণ ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী http://mopme.teletalk.com.bd ও www.mopme.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

(খ) আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/০৯/২০২৫ খ্রি: সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২১/০৯/২০২৫ খ্রি: বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

(গ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে;

(ঘ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন। অসত্য তথ্য দাখিল করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঙ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;

(চ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদন করা সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। **যদি Applicant's Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে প্রিন্ট করে সংরক্ষণ করবেন।** Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১-৪ নং ক্রমিকের জন্য পরীক্ষা ফি বাবদ ১০০/- টাকা (একশত) ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ০৫ নং ক্রমিকের জন্য পরীক্ষা ফি বাবদ ৫০/- টাকা (পঞ্চাশ) ও Teletalk -এর টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষা ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর** টেলিটকের সার্ভিস চার্জ বাবদ

(ভ্যাটসহ অফেরতযোগ্য) **৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।** এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না";

**প্রথম SMS: MOPME**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে;
Example: MOPME ABCDEF
Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MOPME<Space>YES<Space> PIN লিখে Send করতে হবে 16222.

**দ্বিতীয় SMS: MOPME**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222.
Example: MOPME YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOPME application for <post name> User ID is (ABCDEF) and Password (*******). দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এর মাধ্যমে প্রাপ্ত Password পরবর্তীতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে;

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহারের পর পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

(ঝ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://mopme.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে;

(ঞ) শুধু Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন;
i.User ID জানা থাকলে:
**MOPME**<space>**Help**<space>**User**<space>**UserID** & Send to 16222.
Example: MOPME Help User ABCDEF & Send to 16222.

ii. PIN জানা থাকলে:
**MOPME**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: MOPME Help PIN 12345678 & Send to 16222.

(ট) পত্রিকা ছাড়াও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর ওয়েবসাইট www.mopme.gov.bd এর নোটিশবোর্ডে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে।

(ঠ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন নম্বর থেকে ০১৫০০-১২১১২১ নম্বরে কল করতে পারবেন অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: MoPME, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ড) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র;

(খ) পূরণকৃত Application Form;

(গ) লিখিত পরীক্ষার প্রবেশপত্র;

(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;

(ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি;

(চ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসাবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

(ছ) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/ প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি; এবং

(জ) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৪. নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ তথ্যসম্বলিত আবেদন দৃষ্টি-গোচর হলে উক্ত আবেদনটি বাতিল বলে গণ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় নিয়ে Online **এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা** করার পরামর্শ দেয়া যাচ্ছে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

২৫/৮/২০২৫

**(মোহাম্মদ সাখাওয়াত হোসেন সরকার)**
উপসচিব (প্রশাসন-২)
ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান কমিটি
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়